

## উদয়ন (১)

বাংলার মাটি, বাংলার জল, বাংলার বায়ু  
করি আহরণ - শিল্পীরা বেঁধেছে ঘর ‘উদয়নে’  
আজি ।  
‘আনন্দের সহস্র সঞ্চয়’ হেথা প্রত্যক্ষ করি ।  
আপনাদের দিতে আনন্দ কবির গানে গানে  
ফিরে যায় বাংলার বুকে, তাদের মাঝে বহে  
আনন্দধারা - বাঙালী বলে গর্ব করে,  
বাঙলা ভাষায় কথা বলে - বাংলা সংস্কৃতিকে  
ধারণ করে। কবির সার্থ-শতবর্ষের প্রথম  
প্রণাম জানায় তারা গানের অনুষ্ঠানে ।  
শিল্পীরা সব জাদু জানে - গানের রেশ  
থাকবে মনে - ‘সে যে ছুঁয়ে গেল’ প্রাণের পরে  
আরও আছে, আরও আছে - কবিকে  
জানবে সবাই - এমন মধুর প্রয়াস অক্সফোর্ডে  
চমক জাগায় - সত্যজিতের চলচ্চিত্র ‘রবীন্দ্রনাথ’  
দেখে সবাই মুগ্ধচিত্ত। কবির প্রতি উদয়নের  
ভালবাসা - এমন মধুর সদাই তাজা ।  
থাকতো যদি অতুল কবি বলতো তবে  
এই ভাষাতেই বিদেশেতে থাকবে রবি অক্ষয় হয়ে ।  
যাবার আগে গর্বে বলি উদয়নের ভালবাসায়  
ধন্য আমি ।

লেখিকাঃ মিনতি গুপ্ত

## উদয়ন (২)

পরিচয়ের তারিখক্ষণ অজানা অচেনা  
ওরা উদয়ন - ওরা অসাধারণ ।  
সংগীত ওদের জীবন - সংগীতে মনন  
কবির মনের রসদে ভালবাসা - গানের  
প্রতিটি কলিতে বাজে মনের মাদল ।  
সেই মাদলের তালে তালে “নাচে ছন্দে  
নাচে আনন্দে” উদয়ন । এ এক নতুন রাজ্য  
হেথা নেই জটিলতা - নেই আবিলতা  
“গানের ভুবনখানি” ওদের সাম্রাজ্য ।  
স্বরের অন্তর মাধুর্যে ওরা একক অনন্য  
ওদের সংস্পর্শে এসে লভি নতুন জীবন ।